

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 06-12-2025

Desk inCharge : S.D.G.

Time: 7-50 PM

Compiling:- Sudip Basu

DEO : KB

NRT : Sudip Basu

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ বিজেপি, মুর্শিদাবাদের বেলডাঙ্গায় বাবরের নামে মসজিদ নির্মাণের তীব্র বিরোধিতা করে বলেছে, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আগুন নিয়ে খেলছেন।

২/ কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামীকাল ৫ লক্ষ কণ্ঠে গীতাপাঠের প্রস্তুতি সম্পূর্ণ।

৩/ পশ্চিমবঙ্গে যৌনকর্মীদের জন্য আগামী ৯ই ডিসেম্বর উত্তর কলকাতায় বিশেষ এনিউমারেশন ক্যাম্প আয়োজন করবে নির্বাচন কমিশন।

৪/ সংবিধানের অন্যতম রূপকার বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকরের ৭০-তম মহাপরিনির্বাণ দিবস নানা অনুষ্ঠানের সঙ্গে পালন করা হচ্ছে।

৫/ উত্তরে বাতাস অবাধে প্রবেশ করায় ডিসেম্বরের প্রথম সপ্তাহেই রাজ্যে তাপমাত্রার পারদ নিম্নমুখী।

৬/ সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে হায়দ্রাবাদে আজ বাংলা, পুদুচেরীর কাছে ৮১ রানে পরাজিত হয়েছে।

বিজেপি মুর্শিদাবাদের বেলডাঙায় বাবরের নামে মসজিদ নির্মাণের বিরোধিতা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, মসজিদ নির্মাণে দলের কোন আপত্তি না থাকলেও বাবরের নামে মসজিদ নির্মাণের তারা বিরোধী। শ্রী অধিকারী অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী পুলিশ মোতায়েন রেখে পরোক্ষভাবে এই কাজে সহায়তা করেছেন। রাজ্যের শাসক দল বাংলায় সংখ্যালঘু তোষণ করেন তা এই ঘটনায় প্রমাণিত।

সংবিধানের অন্যতম রূপকার ডক্টর ভীমরাও আম্বেদকরের প্রয়াণবার্ষিকী ও শৌর্য দিবস উপলক্ষ্যে কলকাতার সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বাড়ি থেকে শ্যামবাজার পর্যন্ত এক পদযাত্রায় বিরোধী দলনেতা আজ অংশ নেন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আগুন নিয়ে খেলছেন বলে বিজেপি অভিযোগ করেছে। সাসপেন্ড হওয়া বিধায়ক হুমায়ুন কবীরকে দিয়ে তিনি রাজনৈতিক স্বার্থে মুসলিমদের আবেগকে কাজে লাগিয়ে মেরুকরণের রাজনীতি করছেন বলেও, বিজেপির এ রাজ্যের ভারপ্রাপ্ত পর্যবেক্ষক অমিত মালবিয়া মন্তব্য করেছেন। আজ সামাজিক মাধ্যমের এক পোস্টে মালবিয়া বলেন, যে জায়গায় মসজিদ নির্মাণের ঘোষণা করা হয়েছে, সেটি অত্যন্ত স্পর্শকাতর। সেখানে নতুন করে সংগঠিত অশান্তি বাধলে, আইন শৃঙ্খলা এবং জাতীয় নিরাপত্তার ক্ষেত্রেও তা' বিপজ্জনক হতে পারে। তথাকথিত ওই মসজিদের ঘোষণা ধর্মীয় কারণে নয়, বরং সংখ্যালঘু ভোটব্যাঙ্ককে এক জায়গায় নিয়ে আশার কৌশল বলেও দাবী করেন তিনি।

এদিকে বিজেপির কেন্দ্রীয় মুখপাত্র গৌরব ভাটিয়া'ও বিষয়টি নিয়ে তৃণমূল কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করেছেন।

(বাইট- গৌরব)

তৃণমূল কংগ্রেসের ‘সংহতি দিবস’ উপলক্ষ্যে মেয়ো রোডে আজ বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। দলের সংখ্যালঘু সেল আয়োজিত ওই সভায় বিভিন্ন ধর্ম ও সম্প্রদায়ের মানুষ উপস্থিত ছিলেন। এর আগে আজ সামাজিক মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আবেদন জানান।

এদিকে, বিজেপির উদ্যোগে আজ বিকেলে উত্তর চব্বিশ পরগনার বনগাঁয় পরিবর্তন সংকল্প যাত্রার আয়োজন করা হয়েছে। চাদপারা গ্রামীণ হাসপাতাল থেকে শুরু হয়ে, ঠাকুরনগর রেল পার্কে গিয়ে এই যাত্রা শেষ হবে। বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, গাইঘাটার বিধায়ক সুব্রত ঠাকুর সহ একাধিক বিধায়ক, দলীয় নেতৃত্ব পরিবর্তন সংকল্প যাত্রায় অংশ নিয়েছেন। যোগ দিয়েছেন মতুয়া সম্প্রদায়ের একাংশ।

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য, SIR নিয়ে তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেছেন।

(বাইট- শমীক)

কংগ্রেসের তরফে আজ কলকাতায় সম্প্রীতি ও সৌহার্দ্য যাত্রার আয়োজন করা হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে টিপু সুলতান মসজিদ থেকে সেন্ট্রাল এভিনিউ-এ রাম মন্দির পর্যন্ত ঐ পদযাত্রায় অংশ নেন প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি, প্রবীণ কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী, কৃষ্ণা দেবনাথ প্রমুখ। নির্বাচনে জয়লাভের জন্যই ধর্মকে হাতিয়ার করা হচ্ছে বলে মন্তব্য

করেন শুভঙ্কর সরকার। তিনি বলেন, সংবিধানকে রক্ষা করার জন্য লক্ষ কণ্ঠে সংবিধান পাঠ করা প্রয়োজন।

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামীকাল ৫ লক্ষ কণ্ঠে গীতাপাঠের প্রস্তুতি সম্পূর্ণ। সনাতন সংস্কৃতি সংসদ আয়োজিত এই অনুষ্ঠানের জন্য তিনটি মঞ্চ তৈরি করা হয়েছে। সেখানে যোগ দেবেন দেড়শো সাধুসন্ত। মুখ্য অতিথি হিসাবে থাকবেন জ্ঞানানন্দ মহারাজ। তার সঙ্গে বাগেশ্বর ধামের পীঠ অধিশ্বর ধীরেন্দ্র শাস্ত্রী, পদ্মভূষণ সাধ্বী ঋতম্বরী এবং যোগগুরু রামদেবেরও আসার কথা রয়েছে। আগামীকাল সকাল ৯টা থেকে শুরু হয়ে সাড়ে ১২টা পর্যন্ত গীতা পাঠ চলবে বলে জানিয়েছেন উদ্যোক্তারা। এছাড়া অনুষ্ঠানে আসা লোকজনের ঢোকা-বেরনোর জন্য ১৮টি গেট তৈরি করা হয়েছে। এর আগে ২০২৪-এ লোকসভা ভোটের আগেও লক্ষ কণ্ঠে গীতাপাঠের আয়োজন করা হয়েছিল। তবে নির্বাচনের সঙ্গে এর কোন সম্পর্ক নেই বলে সনাতন সংস্কৃতি সংসদের সভাপতি কার্তিক মহারাজ জানিয়েছেন।

ব্রিগেডে গীতা পাঠের অনুষ্ঠান উপলক্ষ্যে বিপুল সংখ্যক মানুষের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের শিয়ালদা ও হাওড়া ডিভিশন আগামীকাল EMU ও MEMU স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। শিয়ালদা ডিভিশনে বিভিন্ন অভিমুখে মোট ১৪টি স্পেশাল ট্রেন চালানো হবে। অন্যদিকে, হাওড়া ডিভিশনেও মোট ৬ টি ট্রেন চালানো হবে বলে রেল সূত্রের খবর।

রাজ্যে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধন SIR প্রক্রিয়ার অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ গুরুত্বপূর্ণ বৈঠকে বসেছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত বৈঠকে মুখ্য নির্বাচনী

আধিকারিক ছাড়াও বিশেষ ইলেকটোরাল রোল অবজারভার, অতিরিক্ত মুখ্য রোল অফিসার, যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক, উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সহ দফতরের শীর্ষ কর্তারা উপস্থিত রয়েছেন। বৈঠকে রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক (ডিইও), ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও) এবং রাজ্যে নিযুক্ত ১২ জন ইলেকটোরাল রোল অবজারভারও রয়েছেন। মূলত নির্বাচন কমিশনের তরফে এসআইআর সংক্রান্ত যে সব নতুন নির্দেশ এসেছে, তা বাস্তবায়নের অগ্রগতি খতিয়ে দেখতেই এই বৈঠক বলে জানা গিয়েছে।

নদীয়া জেলায় SIR এর অগ্রগতি নিয়ে একটি প্রতিবেদন-

(ভিসি- অনুপম)

রাজ্যে যৌনকর্মীদের জন্য আগামী ৯ই ডিসেম্বর উত্তর কলকাতায় বিশেষ এনিউমারেশন ক্যাম্প আয়োজন করবে নির্বাচন কমিশন। যৌনকর্মীদের বিভিন্ন সংগঠনের আবেদনের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর এই সিদ্ধান্ত নিয়েছে।

সংবিধান প্রণেতা বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকরের ৭০ তম মহাপরিনির্বাণ দিবসে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। সংসদভবন প্রাঙ্গণে প্রেরণা স্থলে বাবা সাহেবের প্রতিমূর্তির সামনে ডক্টর আম্বেদকার ফাউন্ডেশন (ডিএএফ) এবং সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন মন্ত্রকের পক্ষ থেকে আজ তাঁর মৃত্যু বার্ষিকীতে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা করা হয়েছে।

দীর্ঘ ৬'মাস বাংলাদেশে আটকে থাকার পর বীরভূমের পাইকরে নিজের বাড়িতে ফিরেছেন, অন্তঃসত্ত্বা সোনালী বিবি এবং তাঁর আট বছরের ছেলে। সুপ্রিম কোর্টের নির্দেশে তারা ঘরে ফেরায় খুশী পরিবারের লোকেরা।

গতরাত থেকে তিনি মালদা মেডিকেল কলেজ হাসপাতালের ট্রমা বিভাগে চিকিৎসাধীন ছিলেন। সেখানে তাঁর স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, গতকাল মহাদীপুর ভারত বাংলাদেশ স্থল সীমান্ত দিয়ে সোনালী এবং তার সন্তানকে বাংলাদেশ পুলিশের মারফত BSF-এর হাতে তুলে দেওয়া হয়।

কলকাতা হাইকোর্টের নির্দেশে ২০১৬-র প্যানেলের অযোগ্য শিক্ষাকর্মীদের নাম সহ বিস্তারিত তালিকা আবার প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন।

এই তালিকায় ৩ হাজার ৫১২ জনের নাম রয়েছে। এর মধ্যে গ্রুপ-সি তে ১'হাজার ১৬৩ জন এবং গ্রুপ-ডি তে ২'হাজার ৩৪৯ জনের নাম আছে। এই তালিকায় তাঁদের নাম, রোল নম্বর, অভিভাবকের নাম সহ বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়েছে।

আগেও ওই তালিকা প্রকাশ করেছিল এসএসসি। তবে কলকাতা হাইকোর্ট বিস্তারিত তালিকা প্রকাশ করার নির্দেশ দেওয়ায় আবার সেই তালিকা প্রকাশ করা হল।

রাজ্যের লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের দুদিন ব্যাপী প্রতিষ্ঠা বার্ষিকী উৎসব শুরু হয়েছে। দক্ষিণ কলকাতার ছিটকালিকাপুরের লোকগ্রামে আজ এই উৎসবের সূচনা করেন রাজ্যের মন্ত্রী ইন্দ্রনীল সেন। আজ এই উৎসবে হাওড়ার বাউল গান, আলিপুরদুয়ারের ভাওয়াইয়া গান, মুর্শিদাবাদের আলকাপ পালা, ভূগলির সাঁওতালী

নৃত্য এবং পুরুলিয়ার নাটুয়া নৃত্য পরিবেশিত হচ্ছে। আগামীকালও বিভিন্ন জেলা থেকে লোকগান পালা পরিবেশিত হবে।

উত্তরে বাতাস অবাধে প্রবেশ করায় ডিসেম্বরের প্রথম সপ্তাহেই রাজ্যে তাপমাত্রার পারদ নিম্নমুখী। আজ রাজ্যের অনেক জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে দুই/তিন ডিগ্রি নেমে গেছে। আগামী কয়েকদিন পরিস্থিতি একইরকম চলবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী তিনদিন সকালের দিকে কুয়াশা থাকবে বলেও পূর্বাভাসে জানানো হয়েছে।

আলিপুরে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৫ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস- যা সেয়াভাবিকের চেয়ে প্রায় তিন ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রা নেমে আসে ১৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসে।

বাঁকুড়া ও ক্যলাণীতে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০ ডিগ্রির ঘরে। দার্জিলিং-এর পাহাড়ী এলাকায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পাঁচ ডিগ্রি সেলসিয়াস।

সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে হায়দরাবাদে আজ বাংলা, পুদুচেরীর কাছে ৮১ রানে পরাজিত হয়েছে। জয়ের জন্য ১৭৮ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে বাংলার ইনিংস ১৩ ওভার পাঁচ বলে ৯৬ রানে শেষ হয়ে যায়। এর আগে পুদুচেরী, নির্ধারিত ২০ ওভারে পাঁচ উইকেটে করেছিল ১৭৭ রান।

সুপার কাপ ফুটবলের ফাইনালে গোয়ার ফতোরদা স্টেডিয়ামে ইস্টবেঙ্গল আগামীকাল,
এফ সি গোয়ার মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।
